## সরল প্রশ্নাবলী

অনেক প্রশ্ন জাগে মনে। উত্তর হয়ত সহজ কিন্তু তা উৎঘাটন করতে অনেক বছরের সংস্কার'কে জয় করতে হয়, পরিনত বয়সে যা করা ভীষন কষ্টকর। কোন উদিয়মান মুক্তমনের কাউকে যদি এইসব প্রশ্নাবলি যুক্তিসম্মতভাবে চিন্তা করতে সাহায্য করে, তার চেয়ে বেশী সফলতা আর কিছু হতে পারে না।

সজল

shunnota@yahoo.com

- ইসলাম ধর্মের প্রধান স্তম্ভ হলো ঈমান, আল্লাহ এবং তাঁর প্রেরীত রাসূলে বিশ্বাস করা। প্রথমেই যে ঈমান এনেছে সে কিভাবে নিরপেক্ষভাবে ধর্ম বিশ্লেষন করবে?

- আল্লাহ সর্বজ্ঞানী সর্বদ্রষ্টা, তাঁর হুকুম ছাড়া গাছের পাতাও নড়ে না। তিনি অতীত, বর্তমান, ভবিষ্যত সব জানেন। হায়, তবে কেন বলা হয় যে পৃথিবীর জীবন মানুষের জন্য পরীক্ষাক্ষেত্র? যে মানুষ পাপ করে ভবিষ্যতে দোজখে যাবে, সে কি আল্লাহ্র হুকুমানুযায়ীই পাপ করে? ভবিষ্যতদ্রষ্টা খোদা কেন তাকে জেনেশুনে পাপ করতে দেন?

- জীবন যদি পরীক্ষাক্ষেত্রই হবে তবে কেন পরীক্ষার সময় এবং পরীপ্রেক্ষিত সমান হয় না? যে লোক মুসলিম পরিবারে জন্মগ্রহন করেছে তার ইসলাম ধর্মে বিশ্বাস আনা যতটা সহজ, ঠিক ততটাই কঠিন একজন বিধর্মীর জন্য স্বীয় ধর্ম ত্যাগ করে ইসলাম ধর্ম গ্রহন করা। যে বিধর্মী সাবালক হয়ে অল্প বয়সে মৃত্যুবরন করেছে এবং যে মুসলমান দীর্ঘজীবন

লাভ করেছে, তাদের দুজনের জীবনে শোধরানোর সময় তো এক সমান না। এটা কি সুষ্ঠ পরীক্ষা?

- আল্লাহ নাকি প্রাকৃতিক দুর্যোগ দিয়ে মানুষকে পরীক্ষা করেন, তবে কেন আমাদের প্রায় প্রতিবছর পরীক্ষিত হতে হয় যেখানে পৃথিবীর অনেক দেশের অধিবাসি বলতে গেলে পরীক্ষিত হয় না?

- মানুষ সৃষ্টির মূল উদ্দেশ্য নাকি আল্লাহর এবাদত করা। তবে কেন হায় আল্লাহ এমন মানুষও সৃষ্টি করলেন যারা এবাদত করে না এবং ভবিষ্যতে করবেও না?

- ঈশ্বরের মানুষসৃষ্টির ইতিহাস আর বিবর্তনবাদ পুরো পরস্পরবিরোধী বিষয়। বিবর্তনবাদ বিজ্ঞানের প্রমানীত বিষয়, প্রায় সব মৌলিক বিজ্ঞান বইতেই এর উল্লেখ থাকে। একজন শিশুকে কেন পরস্পরবিরোধী দুটি তত্ত্ব স্কুলে একসঙ্গে পড়তে হয়?

- এক আদম থেকেই যদি সমস্ত মানবজাতি সৃষ্টি হয় তবে কিভাবে শাদা, কালো, বামন, লম্বা, নাক বোঁচা এবং বৈচিত্রময় রঙের চুলের অধিকারি হয় মানুষ?

- ইসলাম প্রতিষ্ঠিত হবার পর মানুষসহ সকল জীবজন্তুর ছবি আঁকা নিষিদ্ধ করা হয়, তারপর থেকে শীল্পিরা বিকল্প হিসাবে গাছ, ফুল, লতা, পাতা আঁকতে এবং মসজিদে খোদাই করতে শুরু করেন। ইসলাম প্রতিষ্টাতারা কি জানতেন

না যে গাছেরও প্রান আছে?

- ইসলাম ধর্মের চেয়ে বহু প্রাচীন ধর্মের অনেক প্রামান্য দলিল সযত্নে সংরক্ষিত আছে। প্রায় পুরো কোরান তৎকালিন উৎসাহি মানুষেরা পাথর, চামড়া বং গাছের ছালে লিখে রেখেছিলেন। সেইসব দলিল কেন আজ নেই? কেন তা পরিকল্পিতভাবে নষ্ট করা হয়?

- কোরান যদি আল্লাহ প্রদত্ত মানবজাতির সর্বকালের পাথেয় পুস্তক হয় তবে কেন এর অনেক বাক্য তৎকালিন তুচ্ছ ঘটনায় প্রবক্তার বক্তব্যের সত্যতার প্রমান হিসাবে প্রেরিত হয়েছে?

- হজরত মুহাম্মদের মৃত্যুর পর বেশ কয়েক রকমের কোরান প্রচলিত ছিলো। পরে তাদের একত্রিত করে একটিকে নির্বাচন করে বাকি সব কোরান ধ্বংস করা হয় এবং নির্বাচিতটির বেশ কয়েকটি প্রতিলিপি বিভিন্ন জায়গায় পাঠান হয় আরো বিকৃতির ভয়ে। কিভাবে নিশ্চিত হওয়া যায় যে আজকের কোরানই তথাকথিত নির্ভুল কোরান?

- ইসলামের নবীর মুখের কথা হাদিস, প্রায়সময়ই একই কথা বা ঘটনা একাধিক হাদিস লেখকের লেখায় পরিবর্তিত হয়েছে। তবে কিভাবে পুরোপুরি নিসঃন্দেহ হওয়া যায় যে ইসলামের নবীর মুখে বলা কোরান অবিকৃতভাবে লেখা হয়েছে?

- কোরানের ভাষাকে কেন জটিল ব্যাখ্যা ছাড়া বোঝা কষ্টকর? চন্দ্র এবং সূর্যের চক্রের কথা বললে কেন আজকে ভিন্ন ব্যাখ্যা করা হয়? সাতটি আকাশের কথা বললে কেন তা গোজামিল মনে হয়?

- কোরানের বক্তব্যানুযায়ি আকাশ হলো পৃথিবীর ছাদ যা অদৃশ্য খুটি দিয়ে আটকানো আছে এবং পৃথিবীকে স্থির রাখার জন্য পাহাড় পর্বত সৃষ্টি করা হয়েছে। এরকম উদ্ভট কথাকে কেন রুপক মনে করে জটিল ব্যাখ্যা করে গ্রহনযোগ্য করতে হয়?

- কোরানের বক্তব্যানুযায়ি মানুষের বীর্য মেরুদণ্ডে না থেকে কেন অন্ডকোষে থাকে?

- ইসলাম ধর্মে মৃত ব্যক্তিকে যত তারাতাড়ি কবর দেয়া যায় ততই মৃতের জন্য মঙ্গল। তবে কেন ইসলাম ধর্মের প্রবক্তা হজরত মুহাম্মদের মৃতদেহ একাধিক দিন মরুর গরমে বিকৃত হয়েছে?

- রক্তপান হারাম হলে হজরত মুহাম্মদের নির্গমিত রক্ত ভক্তিভরে পানে এবং তাঁর থুতু গায়ে মাখতে তিনি কেন উৎসাহ দিয়েছেন?

- ইসলাম ধর্মে যদি সর্বোচ্চ চারটি পর্যন্ত বিয়ে করা স্বীকৃত হয় তবে কেন হজরত মুহাম্মদের নিজের এবং তাঁর অনেক সমসাময়িক ব্যক্তির দশাধিক স্ত্রী ছিলো?

- স্বীয় একাধিক স্ত্রীর সবাইকে যদি সমান গুরুত্ব দেয়া বাধ্যতামুলক হয় তবে কেন হজরত মুহাম্মদের বালিকা স্ত্রী, যাকে তিঁনি আট (মতান্তরে সাত) বছর বয়সে বিয়ে করেছিলেন তাঁর প্রতি অতিরিক্ত পক্ষপাত ছিলো?

- হজরত মুহাম্মদ ২৫ বছর বয়সে বিবি খাদিজা'কে বিয়ে

করেন এবং বিয়ের ২৫ বছর পরে বিবি খাদিজা মারা যান, এই সময়ে তিঁনি আর কোন বিয়ে করেন নি। এরপরের ৯ বছরে তিঁনি বাকি ১২'টি (মতান্তরে অধিক) বিয়ে করেন। বিবি খাদিজা মারা যাবার পরেই কোরানে বহুবিবাহ সম্পর্কিত কথাগুলো আসতে শুরু করে এবং হজরত মুহাম্মদ প্রায় প্রতিবছরই নতুন মেয়ে বিয়ে করতে থাকেন। এর মধ্যে কি কোন যোগসুত্র আছে?

- ঘৃন্য দাশপ্রথাকে কেন কোরানে নিষিদ্ধ না করে টিকিয়ে রাখা হয়েছে এবং ক্ষেত্রবিশেষে দাসীর সাথে সঙ্গমের অনুমতি দেয়া হয়েছে?

- ইসলাম ধর্মে নিজ পুত্র বা কন্যা সম্পর্কিত কাউকে যদি বিয়ে করা নিষেধ হয়, তবে কেন হজরত মুহাম্মদ তাঁর পালক পুত্রের স্ত্রীকে বিয়ে করেছিলেন?

- হজরত মুহাম্মদের ৩৬ বছরের দাম্পত্যজীবনে একে একে ১৩ জন (মতান্তরে অধিক) নারীর আগমন এবং সহচর্য নিয়মিত হলেও কেন তাঁর সন্তানসংখ্যা আশ্চর্যজনক কম?

- মূর্তিপূজা যদি ইসলাম ধর্মে ঘৃন্য হয় তবে কেন মুসলমানেরা কাবার প্রতিকৃতি বা ছবিকে পুজোর সমান ভক্তি করে ঘরে রাখেন?

- সুরাপান এবং বহুগমন যদি ইসলামে নিষিদ্ধ হয় তবে কেন বেহেস্তে সুরার প্রবাহ এবং ৭০ জন করে হুরপরীর লোভ দেখান হয়েছে?

- নতুন প্রানের জন্ম যদি আল্লাহর ইচ্ছায় হয়, তবে জন্মনিয়ন্ত্রন তো মহা পাপ। ইসলাম কেন জোর গলায় জন্মনিয়ন্ত্রনের বিরুদ্ধে প্রকাশ্য আন্দোলন করে না?

- মৃত্যু যদি আল্লাহ'র হুকুমানুযায়িই হয় তবে কেন তাকে বিলম্বিত করতে সবসময়ই চিকিৎসকের সাহায্য নেয়া হয়?

- সুদ নেয়া যদি হারাম হয় তবে ইসলাম কেন প্রকাশ্যে ইসলামি ব্যাংক ছাড়া (যারা সুদের বদলে লাভ্যাংশ দেয়) বাকি ব্যাংকগুলোর বিরুদ্ধে জেহাদ করে না?

- ইসলামি সমাজব্যবস্থা যদি এতো ভালো তবে সাম্প্রতিক তালেবানরা এর সঠিক প্রয়োগ করায় কিছু ব্যক্তির নীরব সমর্থন ছাড়া কেন সারা পৃথিবী এর প্রকাশ্য সমালোচনা করে?

- সবকিছুই যদি আল্লাহ'র হুকুমে হয়, তবে মানুষ যখন অন্যায়ভাবে খুন হয়, নিষ্পাপ শিশুরাও ধর্ষিত হয়, অসহায় মানুষ অত্যাচারীত হয়, তখন কেন লোকে আল্লাহ'কে সরাসরি দায়ি না করে অপরাধীকে দায়ী করে?

- যে জাতী নিজেদের উন্নয়ন করে আল্লাহ নাকি তাদের উন্নয়ন করান, যে জাতী নিজেরাই নিজেদের উন্নয়ন করে আল্লাহ কেন অন্যায়ভাবে তাদের কষ্টার্জিত কৃতিত্ত দাবী করেন?

- একাশ্বরবাদ যদি সত্যিই হয় তবে কেন যুগে যুগে ঈশ্বরবাদ নিয়ে এতো পরস্পরবিরোধী ধর্মের অবতারনা করে কিছু

মানুষ?

- তোমার ধর্ম তোমার জন্য আমার ধর্ম আমার জন্য, একথা বলার পরও কেন রক্তপাত অথবা কৌশলে ইসলাম ধর্মের বিস্তার করা হয়েছে?

- আল্লাহ, ফেরেশতা, জ্বীন... এদের সাথে কেন নিশ্চিন্ত নিঃসন্দেহ যোগাযোগ করা যায় না?

- ইসলামি দৃষ্টিতে সায়েন্স ফিকশন লেখকেরা এবং তার গুনগ্রাহী পাঠকেরা তো সাক্ষাত কাফের। ইসলাম কেন এর বিরোধিতা করে না?

- পায়ুপথ দিয়ে বায়ু নির্গমনে যদি ওজু ভেঙ্গে যায় তবে সে জায়গা না ধুয়ে কিভাবে হাত পা ধুয়ে ওজু করলে পবিত্রতা ফিরে আসে?

- ইসলামি শরীয়তসম্মতভাবে প্যান ছাড়া অন্য কোথাও (কমোড বা প্রস্রাবের জায়গা) টয়লেট করা সম্ভব নয়। দেশের বাইরের মুসলমানেরা এক্ষেত্রে কি করেন? দেশের ভিতরের মুসলমানেরাইবা টয়লেটের এইসব অশরীয়তি সরঞ্জামের বিরোধিতা করেন না কেন?

- ইসলামি চিন্তাবিদেরা ব্যাখ্যা করে বা রিসার্চ করে সব নতুন আবিষ্কৃত তথ্য বা বিজ্ঞান কোরানে খুজে পান এবং তা প্রমান করে ছাড়েন। তারা কবে নাগাদ দাবী করবেন যে সাম্প্রতিক আবিষ্কার ক্লোনিং এবং জিন ম্যাপের কথাও কোরানে বলা হয়েছে?